ফিফা প্রীতি ম্যাচে জোড়া গোলে সান ম্যারিনোকে হারালো বাংলাদেশ



সংগৃহীত ছবি

আন্তর্জাতিক প্রীতি ম্যাচে ইউরোপের দল সান ম্যারিনোকে হারিয়ে স্মরণীয় এক জয় তুলে নিয়েছে বাংলাদেশ জাতীয় ফুটবল দল। টমাস ডুলির অধীনে খেলতে নেমে ২-১ গোলের ব্যবধানে জয় পায় লাল-সবুজের প্রতিনিধিরা।

ম্যাচের শুরু থেকেই আত্মবিশ্বাসী ফুটবল খেলতে থাকে বাংলাদেশ। এর ফলও আসে দ্রুত। ম্যাচের ১৯ মিনিটে কর্নার থেকে আসা বলে দারুণ এক হেডে গোল করে দলকে এগিয়ে দেন তপু বর্মণ। তার গোলে উচ্ছ্বাসে ভাসে বাংলাদেশ শিবির।

তবে প্রথমার্ধে রক্ষণভাগের কিছু ভুলের সুযোগ নিয়ে সমতায় ফেরে সান ম্যারিনো। গোল হজমের পরও ছন্দ হারায়নি বাংলাদেশ। আক্রমণ চালিয়ে যেতে থাকে ডুলির শিষ্যরা।

ম্যাচের শেষ দিকে আবারও সামনে আসেন তপু বর্মণ। সুযোগ বুঝে দ্বিতীয়বার বল জালে পাঠিয়ে দলের জয় নিশ্চিত করেন তিনি। তার জোড়া গোলেই ঐতিহাসিক এই জয় পায় বাংলাদেশ।

পুরো ম্যাচে পাসিং ও বল নিয়ন্ত্রণেও এগিয়ে ছিল বাংলাদেশ। দলের করা ৩১৪টি পাসের মধ্যে ৭৭ দশমিক ৭ শতাংশ সফল ছিল, যা মাঠে তাদের দাপুটে পারফরম্যান্সেরই প্রতিফলন।

LENS ASIA